

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেবেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ২৬ অক্টোবর, ২০২৩ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৬/১০/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব এ এইচ এম আসিফ বিন ইকরাম এর নেতৃত্বে 'রিদিশা ফুড এন্ড বেভারেজ লিমিটেড' ধনুয়া, শ্রীপুর, গাজীপুরে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে প্রতিষ্ঠানটিতে লেবেল বিহীন বেশকিছু খাদ্য উপকরণ মজুদ ও ব্যবহার করতে দেখা যায় এবং মেয়াদ উত্তীর্ণ এক ড্রাম সোয়া লেসিথিন পাওয়া যায়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে 'রিদিশা ফুড এন্ড বেভারেজ লিমিটেড' কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য অফিসার ফারজানা ইয়াসমিন সোনিয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব মো: রফিকুল ইসলাম, জনাব মো: খাদেমুল ইসলাম ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং পুলিশ সুপার গাজীপুর সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।


২৬/১০/২০২৩

(মোঃ আখতার মামুন)
অতিরিক্ত পরিচালক
প্রয়োগ অনুবিভাগ

ই-মেইল: adddirector.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।